

## 💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৫৪ : কোনটি উত্তম? 'ইলম অম্বেষণ করা নাকি দাওয়াহ ইলাল্লাহ তে (আল্লাহর পথে দাওয়াতে) আত্মনিয়োগ করা

উত্তর : 'ইলম অম্বেষণ সবার আগে। কেননা ইলম যদি না থাকে তাহলে ব্যক্তি আল্লাহর পথে আহবানে সক্ষম হবে না। আর যদি ইলম ছাড়াও দাওয়াত দিয়ে থাকে তাহলে সে ভুল করে বসবে।

দাঈ হওয়ার পূর্বশর্ত হলো ইলম অর্জন করা। আল্লাহ তা'আলা বলেন,

বলো এই হলো আমার পথ। আমি স্পষ্ট জ্ঞানের আলোকে আল্লাহর পথে আহবান করি এবং আমার অনুসারীরাও। (সূরা ইউসুফ ১২:১০৮)

তবে কিছু স্পষ্ট বিষয় রয়েছে যেগুলোর প্রতি সাধারণ মানুষেরাও ডাকতে পারে। যেমন; সালাত কায়িমের প্রতি, জামাত পরিত্যাগ করতে বারণ করতে, পরিবারবর্গ ও সন্তানাদিকে সালাতের আদেশ প্রদান করতে ইত্যাদি কাজ সাধারণ জনগণ, শিক্ষার্থী সবাই জানে।

কিন্তু কিছু বিষয় এমন রয়েছে যেগুলোর ক্ষেত্রে দ্বীনী ফিক্কহ ও ইলম জানা অত্যাবশ্যক। যেমন হালাল-হারাম সংক্রান্ত, তাওহীদ-শিরক সংক্রান্ত ইত্যাদি বিষয়ে ইলম থাকা অত্যাবশ্যক।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13128

🧕 হাদিস্বিডির প্রজেক্টে অনুদান দিন